

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২২৪৬

পর্ব-৯: দু'আ (তা وکتاب الدعوات)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ الثَّانِيْ

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَحِبُ الْجَوَامِعَ مِنَ الدُّعَاءِ وَيَدَعُ مَا سِوَى ذَلِكَ. رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

২২৪৬-[২৪] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পরিপূর্ণ (ব্যাপক অর্থবাধক দুনিয়া এবং আখিরাতকে শামিল করে) দু'আ করাকে পছন্দ করতেন এবং এছাড়া অন্য দু'আ অধিকাংশ সময় পরিহার করতেন। (আবৃ দাউদ)[1]

# ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১৪৮২, সহীহ আল জামি' ৪৯৪৯, ইবনু আবী শায়বাহ্ ২৯১৬৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'আ করার ক্ষেত্রে অল্প কথায় বেশি অর্থবোধক দু'আ করা সর্বদা পছন্দ করতেন তাইতো তিনি কুরআনের নিমেণাক্ত আয়াত দ্বারা দু'আ করতেন।

رَبَّنَا أَتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَّفِي الْأَخِرَةِ حَسَنَةً وَّقِنَا عَذَابَ النَّارِ

অর্থাৎ- "হে আমাদের রব! আমাদের দুনিয়া ও আখিরাতে কল্যাণ দাও এবং আমাদেরকে জাহান্নামের 'আযাব থেকে বাঁচাও।" (সূরা আল বাকারাহ্ ২ : ২০১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন